তারিখ 27 JUL 2016
পৃষ্ঠা ২৬ কলাম ৪

যুগান্তর

# ভুয়া সনদে ২৭ বছর শিক্ষকতা

রৌমারী (কুড়িগ্রাম) প্রতিনিধি

কুড়িগ্রামের রৌমারী উপজেলার বকবান্দা বহুমুখী উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষক আবদুর রহমানের বিরুদ্ধে দীর্ঘ ২৭ বছর ধরে ভুয়া সনদ ব্যবহার করার অভিযোগ পাওয়া গেছে। ভুয়া সনদের বিষয়ে অভিযোগের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব নুসরাত জাবীন বানুর স্বাক্ষরিত এক আদেশে বিষয়টি তদন্তের নির্দেশ দেয়া হয়েছে। তদন্তের দায়িত্ব দেয়া হয়েছে রংপুর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) প্রিয়সিন্দু তালুকদারকে। অভিযোগে জানা গেছে, অভিযুক্ত ওই শিক্ষকের এসএসসি ও এইচএসসির সনদে পৃথক বাবার নাম, একাধিক স্থায়ী ঠিকানা এবং বিএসসি পাস করার আগেই সহকারী শিক্ষক পদে নিয়োগ নেন। তার সনদে বিএসসি পাস ১৯৯৩ সালে অথচ ওই প্রতিষ্ঠানে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ নিয়েছেন ১৯৯০ সালের ১ ডিসেম্বর। একইভাবে লেখাপড়া না করেই একটি বেসরকারি প্রতিষ্ঠান থেকে ২০০৬ সালে নিয়মিত শিক্ষার্থী হিসেবে বিএড পাসের সনদ ব্যবহার করেছেন। অভিযোগ প্রসঙ্গে জানতে চাইলে অভিযুক্ত প্রধান শিক্ষক আবদুর রহমান বলেন, 'আমার শিক্ষাগত যোগ্যতা ভুয়া থাকলে তার জবাব আপনাকে দিব কেন? জবাব দিতে হলে আমার কর্তৃপক্ষকে দিব বলেই মোবাইল ফোন কেটে দেন তিনি।'